

কভিড ১৯ সমাজসেবা অধিদফতর কর্তৃক ঢাকা শহরে খাদ্য ও খাদ্যসামগ্রী বিতরণের তথ্য

ক) সমাজসেবা অধিদফতর সদর দপ্তর:


- জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে সদর কার্যালয়ে মোট ৩০.০০ লক্ষ টাকা পাওয়া গেছে।
ক.১) রান্না খাবার বিতরণ: ২৭, ২৮, ২৯ মার্চ ২০২০ তিন দিন রান্না খাবার আগারগাঁও, আজিমপুর, তেজগাঁও এলাকায় মোট ১০০০ জন দরিদ্র, প্রতিবন্ধী, দুস্থ ব্যক্তির মাঝে বিতরণ করা হয়েছে।
ক.২) খাদ্য সামগ্রী বিতরণ: ৩০ মার্চ থেকে ৮ এপ্রিল পর্যন্ত মোট ২৯৬০ জনের মধ্যে ২৯৬০ প্যাকেট বিতরণ করা হয়েছে। প্রতি প্যাকেট খাদ্য সামগ্রীতে ৫ কেজি চাউল, ১ কেজি ডাউল, ১ লিটার সয়াবিন তেল, ১ কেজি পিয়াজ, ২ কেজি আলু, ১টি সাবান দেয়া হয়েছে।
- জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রাপ্ত অর্থের মধ্যে ২৭ মার্চ থেকে ৮ এপ্রিল পর্যন্ত সমাজসেবা অধিদফতর সদর দপ্তর হতে সকল ধরনের খাদ্য বিতরণে মোট ২১ লক্ষ ২০ হাজার ১২৪ টাকা ব্যয় হয়েছে এবং ৮ লক্ষ ৭৯ হাজার ৮৭৬ টাকা অবশিষ্ট রয়েছে। উক্ত অর্থের মাধ্যমে বিতরণ কাজ চলমান রয়েছে।

খ) জেলা সমাজ কল্যাণ পরিষদ, ঢাকা:

- জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে জেলা সমাজকল্যাণ পরিষদ, ঢাকায় মোট ১৫ লক্ষ টাকা পাওয়া গেছে।
- উক্ত অর্থ থেকে জেলা প্রশাসন, ঢাকা ও জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকার উদ্যোগে মোট ২২০০ প্যাকেট খাদ্য সামগ্রী (৫ কেজি চাউল, ১ কেজি ডাউল, অর্ধ লিটার সয়াবিন তেল, ২ কেজি আলু, ১টি সাবান প্রতি প্যাকেটে) ২২০০ জনের মধ্যে বিতরণ করা হয়েছে।
- এতে মোট ৯ লক্ষ ৮৬ হাজার টাকা ব্যয় হয়েছে। অবশিষ্ট রয়েছে ৫ লক্ষ ১৪ হাজার টাকা।

গ) সারসংক্ষেপ:

- ২৭ মার্চ থেকে ৮ মার্চ ২০২০ পর্যন্ত ঢাকা শহরে সর্বমোট ৬১৬০ টি দুস্থ, প্রতিবন্ধী, অসহায় ব্যক্তি/পরিবারকে মোট ৩১ লক্ষ ৬ হাজার টাকার ত্রাণ (খাদ্য ও খাদ্য সামগ্রী) বিতরণ করা হয়েছে।
- ঢাকা শহরের আদাবর, মোহাম্মদপুর, গুলিস্তান, মীরবাগ, এজিবি কলোনী, কালী মন্দির, রামপুরা, সোবহানবাগ, গেন্ডারিয়া, সুত্রাপুর, হবিজন পট্টি, মিরপুর ১৩ ও ১৪ এলাকার বস্তিবাসী প্রতিবন্ধী, দুস্থ, অসহায়, দিনমজুর, রিক্সাচালক, ভ্যানচালক ইত্যাদি অসহায় ও দুস্থ মানুষের মাঝে বিতরণ করা হয়েছে।


৯/৪/২০২০
মোঃ আবু মাসুদ
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদফতর, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।